জীবননগরে ধর্মীয় নেতৃবৃন্দের সাথে মতবিনিময়

জীবননগরে সকল ধর্মীয় নেতৃবৃন্দের সাথে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রোববার সকাল সাড়ে ১০টার দিকে জীবননগর ইসলামী ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক, বাল্যবিবাহ, দুর্নীতি ও নারী নির্যাতনের বিরুদ্ধে জনমত গঠন এবং ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠায় আলেম, উলামা, ইমাম, খতিব, শিক্ষক, জনপ্রতিনিধি, পেশাজীবি ও সকল ধর্মীয় নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ইসলামী ফাউন্ডেশনের চুয়াডাঙ্গা জেলা কর্মকর্তা এ বি এম রবিউল ইসলামের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, হিন্দু, বৌদ্ধ ঐক্য পরিষদ জীবননগর শাখার সভাপতি শ্রী রমেন বিশ্বাস প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর ইসলামী ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আব্দুল হাকিম।

- জীবননগর প্রতিনিধি

আলমডাঙ্গায় এমপি ছেলুন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় “এমপি ছেলুন” ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। আনুষ্ঠানিক ভাবে শুভ উদ্বোধন করেন সাংসদ ছেলুন

জোয়ার্দার।

গতকাল বিকেল ৩ টার দিকে আলমডাঙ্গা বড় ফুটবল মাঠে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফুটবল খেলা উপভোগ করেন।

প্রথমদিনের খেলায় ফ্রেন্ডস ক্লাব ১-০ গোলে আলমডাঙ্গা একাদশকে পরাজিত করেন। খেলায় ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার পান ফ্রেন্ডস ক্লাবের খেলোয়াড় আশরাফুল হক।
এমপি ছেলুন ফুটবল টুর্নামেন্টের আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি খোস্তার জামিল, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেরা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুরুল ইসলাম।

সরকারি কলেজ ছাত্রলীগের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বনিক সমিতির সম্পাদক মীর শফিকুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, সাবেক ফুটবলার প্রভাষক শরিফুল ইসলাম, অ্যাড. সিরাজুল ইসলাম লাল্টু, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান গরিবে নেওয়াজ মাসুম, ফুড কর্মকর্তা মিয়ারাজ হোসেন, বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিদ, রেজাউল হক তবা, সাবেক কাউন্সিলর সিরাজুল সাইফুর রহমান পিন্টু, আব্দুল মজিদ,

শফিউর রহমান, পৌর যুব লীগের সভাপতি আব্দুল গাফ্ফার, সাবেক কাউন্সিলর দিনেশ কুমার, জাহাঙ্গাীর আলম, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, বাদশা, সাকিব, সজিব, সিহাব।
খেলা পরিচালনা করেন আবুল হাসান, সোহাগ, ফিরোজ, মহসীন কামাল।

খেলায় ধারাভাষ্যে ছিলেন আবু বক্কর সিদ্দিক।খেলায় ফ্রেন্ডস ক্লাব প্রথমার্ধে ১ টি গোল করে দলকে এগায়ে নিয়ে যায়। আলমডাঙ্গা একাদশ শেষ পর্যন্ত চেষ্টা করেও গোল পরিশোধ করতে ব্যার্থ হন। ফলে ফ্রেন্ডস ক্লাব ১-০ গোলে জয় লাভ করে।

প্রশিক্ষণ স্থলে গিয়ে পাওয়া যায়নি প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের, সরকারি অর্থ তছরুপে নানা কৌশল

চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসের আয়োজনে চলমান শিশুদের সাঁতার প্রশিক্ষণ নিয়ে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। অনেকটা সংগোপনে চলা এ কার্যক্রমের সত্যতা যাচাই করতে গিয়ে পাওয়া যায়নি এর প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থীদের। নোংরা অস্বাস্থ্যকর পরিবেশে সাঁতার প্রশিক্ষণের আয়োজন করায় স্থানীয়রা ক্ষোভ প্রকাশ করেছে।

অনুসন্ধানে জানা যায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের ক্রীড়াপরিদপ্তরের অর্থায়ণে তৃণমুল পর্যায়ে ক্রীড়া উন্নয়নের লক্ষ্যে জেলা ক্রীড়া অফিসের মাধ্যমে বিভিন্ন ক্রীড়া কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসের মাধ্যমেও এমন প্রশিক্ষণ প্রদান করার কথা রয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে চুয়াডাঙ্গার নিভৃত পল্লী মাখালডাঙ্গা চলছে মাসব্যাপি সাঁতার প্রশিক্ষণ। কর্তৃপক্ষের মতে গত ৩০ অক্টোবর এ কার্যক্রম শুরু হলেও কয়েক দফা প্রশিক্ষণস্থলে গিয়ে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের দেখা পাওয়া যায়নি।

স্থানীয়রা জানায়, মাঝে মাঝে মাখালডাঙ্গা-দ্বীননাথপুর বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। তবে সাঁতার প্রশিক্ষণের জন্য যে পুকুর নির্বাচন করা হয়েছে তা একেবারে নোংরা ও অস্বাস্থ্যকর। এতে শিশুরা অসুস্থ হতে পারে।

অভিযানে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ

আহম্মেদ চুয়াডাঙ্গায় যোগদানের পর থেকেই নানা অনিয়মের সাথে জড়িয়ে পড়েন। প্রশাসনের স্থানীয় কর্মকর্তাদের সাথে আলোচনা না করেই তিনি নিজের ইচ্ছে মত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছেন।

এমনকি তার অফিসের অফিস সহকারী ওসমান খানকেও অন্তরালে রেখে সরকারি অর্থ তছরুপ করে নামকাওয়াস্তে প্রশিক্ষণ পরিচালনা করছেন।

গত ৩০ অক্টোবর চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসার নিজেই এ প্রশিক্ষণের উদ্বোধন করে। এসময় জেলা ও উপজেলা প্রশাসনের কাউকেই সেখানে দেখা যায়নি। আবার আগামী ২৬ নভেম্বর অনেকটা সঙ্গোপনেই তিনি এ কার্যক্রমের সমাপ্তি টানতে যাচ্ছেন বলে তথ্য পাওয়া গেছে।

সাংবাদিকদের নিকট জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদ জানান, ৩২ হাজার ৮০০ টাকা ব্যয়ে প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করা হচ্ছে। প্রতি মাসেই কোন না কোন ক্রীড়ার প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকে। সেসব প্রশিক্ষণ বিষয়ে খোঁজ-খবর নেওয়া হয় কি না সে বিষয়ে তিনি কিছু বলতে চান নি।

অভিযানে আরো জানা গেছে, মাখালডাঙ্গা-দ্বীননাথপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৩০ জন শিক্ষার্থীকে সাঁতারের বিভিন্ন কৌশল শেখানো হচ্ছে। যে কয়দিন প্রশিক্ষণ দেওয়া হয়েছে সে কয়দিন প্রশিক্ষনার্থীদের মাথা-পিচু নাস্তা বাবদ দেওয়া হয়েছে ১০-১২ টাকা করে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষককে দেওয়া হবে ১ হাজার ৫০০ টাকা।

ভেন্যু ভাড়া (পুকুর) দেওয়া হবে ৫০০ টাকা। এছাড়া বাকি টাকা কিভাবে খরচ হবে তার কোন ব্যাখ্যা দিতে চাননি ওই ক্রীড়া অফিসার।

এহসান নামে এক প্রশিক্ষনার্থীর অভিভাবক জানান, খুব বেশী হলেও ৫-৬ দিন মত প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যে দিন প্রশিক্ষণ হয় সেদিন ১০-১৫ জন মত ছাত্র উপস্থিত থাকে। অপর একটি সুত্রে জানা গেছে, সাঁতারের কৌশল তাদেরই শেখানো হয় যারা সাঁতার জানে। কিন্তু যাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তাদের কেউ-ই ভালমত সাঁতার জানেন না। তাহলে নামকাওয়াস্তে সাঁতার প্রশিক্ষণের নামে সরকারি টাকা তছরুপ করা ছাড়া আর কিছুই হচ্ছে না।

নাম প্রকাশ না করার শর্তে একজন ব্যবসায়ী জানান, সম্প্রতি অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধু -বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ (বালক-বালিকা) অনূর্ধ-১৭ (২০১৯) ফুটবল প্রতিযোগিতায় খেলোয়াড়দের জার্সি, প্যান্ট, হুজ, বল ও জুতা ক্রয় বাবদ অনেক টাকা ঘাপলা করেছেন জেলা

ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদ।

তিনি যে দোকান থেকে মালামাল ওর্ডার দিয়েছিলেন সে টাকা পুরোপুরি পরিশোধ না করে মূল টাকা থেকে ১০ হাজার টাকা কম দিয়েছিলেন। একই সাথে আরো ১০ হাজার টাকার বেশী ভাওচার করে দিতে বললে সেই ব্যবসায়ী তাকে কোন বিল ভাওচার দেননি। পরে অন্য জায়গা থেকে বিল ভাওচার নিয়ে ভুয়া বিল-ভাওচার দাখিল করে অনেক টাকা আতœসাৎ করেছেন ওই কর্মকর্তা।

বিষয়টি তদন্ত করলে থলের বিড়াল বেরিয়ে আসবে। উপেরোক্ত বিষয়গুলো তদন্তপূর্বক ব্যবস্থা নিলে চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদের আসল চেহারা বেরিয়ে আসবে বলে মনে করছেন সচেতন মহল।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

দর্শনা প্রেসক্লাবে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দর্শনা প্রেসক্লাবে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।
প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে এ প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে কেক কেটে ও মিষ্টিমুখ করা হয়।

এসময় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার সহ-সম্পাদক ও ব্যুরো প্রধান এবং দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সহকারী ব্যুরো প্রধান ওয়াসীম রয়েল উপস্থিত ছিলেন।

এছাড়া অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, অর্থ সম্পাদক জাহিদুল ইসলাম, দৈনিক ইনকিলাবের উপজেলা প্রতিনিধি নুরুল আলম বাকু, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক হারুন অর রশিদ রাজু,

সাংবাদিক নজরুল ইসলাম, আকাশ খবরের ব্যুরো প্রধান এস এম ওসমান, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যুরো প্রধান আহসান হাবিব মামুন, সাংবাদিক সাব্বির আলিম ও মনজুর আহম্মেদসহ অন্যান সদস্যবৃন্দ।

- দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউটে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউটে বিদায় সংবর্ধনা, বৃত্তিপ্রদান ও বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্টানের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ৯টার দিকে প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউট চত্তরে অনুষ্টানে সভাপতিত্ব করেন ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন বর্তমান সরকার কারিগরী শিক্ষার উপর জোর দিয়েছে, আমাদের মানব সম্পদকে মনব শক্তিতে রুপান্তরিত করতে কারীগরি শিক্ষার বিকল্প নেই।

বিদেশে যারা যাচ্ছে তাদের বেশির ভাগই অদক্ষ, যদি দক্ষ শ্রমিক হত তাহলে তাদের প্রতারিত হতে হত না।
সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, প্রতিষ্ঠানের পরিচলনা পরিষদের সদস্য সোনালী ব্যাংকের সাবেক ম্যানেজার সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ এনামুল হক।

শিক্ষক এমদাদুল হকের উপস্থাপনায় বক্তব্য রাখেন ম্যানেজিং কমিটির

সদস্য সাবেক রেলওয়ে স্টেশন মাষ্টার শামসুল হক টুকু, নাজমুল হোসেন পলাশ, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, শিক্ষক সোহেলী নাশরিন, শাজাহান আলী, শামিম আহম্মেদ, সদস্য মকবুল হোসেন, পানিউন্নয়ন বোর্ডের সাবেক কর্মকর্তা আলী আকবর প্রমুখ।

মানপত্র পাঠ করেন রুবিনা খাতুন, ছাত্র, ছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন মীর ফাহিম ফয়সাল, সমাপ্তি আরা প্রমুখ।

কলেজের শিক্ষার্থীরা একটি বাল্য বিয়ে নিয়ে নাটিকা করেন। সব শেষে শ্রেষ্ট শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয় এবং বৃত্তি প্রদান করা হয়েছে, এছাড়াও বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

দর্শনায় নূরানী কিন্ডারগার্টেন এর অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা নূরানী কিন্ডারগার্টেন এর পুরুস্কার বিতরণী ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বিকাল ৩টায় দর্শনা নূরানী কিন্ডারগার্টেন চত্বরে পরিচালক মাওলানা আব্দুল মালেক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসলামীক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার আব্দুল হাকিম।

প্রধান আলোচক ছিলেন মাওলানা হারুনুর রশিদ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাওলানা নুরুল ইসলাম, রেলবাজার দোকান মালিক সমিতির সদস্য হাসান আলী ও আব্দুল্লাহ আল মামুন।
এছাড়া শিক্ষক মাওলানা নুরুজ্জামান, আকছাদ আলী, ইকরামুল ইসলাম, হাফেজ মজিবুল ইসলাম ও সাংবাদিক মাসুম বিল্লাহ।

উল্লেখ্য নূরানী কিন্ডারগার্টেনের ছাত্র/ছাত্রীদের মধ্যে কোরান, হাদিস ও কেরত পাঠ, ইংরাজী ও আরবি হাতের লেখার উপর প্রতিযোগিতা

শেষে ছাত্র/ছাত্রীদের মধ্যে এ পুরুস্কার বিতরণ করা হয়।

- দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গায় সময়ের সমীকরনের ৪র্থ প্রতিষ্টা বার্ষিকি পালিত

আলমডাঙ্গায় দৈনিক সময়ের সমীকরন অফিসের উদ্দ্যোগে ৪র্থ প্রতিষ্টা বার্ষিকি পালিত হয়েছে।
গতকাল সন্ধা ৬ টার দিকে আলমডাঙ্গা পরিবার পরিকল্পনা অফিসের হলরুমে কেক কেটে প্রতিষ্টা বার্ষিকির উদ্বোধন করেন অনুষ্টানের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

তিনি বলেন সাংবাদিকরা জাতির বিবেক, দেশের সকল ক্রান্তি লগ্নে আপনাদের হাতের কলম যে কোন অস্ত্রের চেয়ে বেশি কাজে লাগে। দেশ আজ উন্নয়ের দিকে এগিয়ে যাচ্ছে,এখানেও আপনাদের ভুমিকা খুবই প্রয়োজন।

অনুষ্টানে সভাপতিত্ব করেন দৈনিক সময়ের সমীকরনের আলমডাঙ্গা অফিস প্রধান হামিদুল ইসলাম আজম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, চুয়াডাঙ্গা জজকোর্টের সরকারি কৌশুলী মুক্তিযোদ্ধা খন্দকার নাশির উদ্দিন মঞ্জু, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার।

সমীকরনের প্রতিনিধি আলমডাঙ্গা সরকারি কলেজের সহকারি অধ্যাপক শেখ শফিউজ্জামানের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দৈনিক মাথা ভাঙ্গা ব্যুরো প্রধান আতিয়ার রহমান মুকুল, দৈনিক পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রাশান্ত বিশ্বাস, শিক্ষক জামিরুল ইসলাম, কবি গোলাম রহমান চৌধুরি, আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক আ ফ ম সিরাজ সামজি, মওলানা মনিরুজ্জামান, মীর ছামছদ্দিন আহম্মেদ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহিত্যিক আনোয়ারুল ইসলাম সাগর, সমীকরনের ভ্রাম্যমান প্রতিনিধি তানভীর

আহম্মেদ সোহেল, সাংবাদিক গোলাম সরোয়ার সদু, শরিফুল ইসলাম, জামজামি প্রতিনিধি হেলাল উদ্দিন, হারদী প্রতিনাধি শরিফুল ইসলাম, হাসিবুল হক, সমাজ সেবক মতিয়ার রহমান প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে হাতুড়ে ডাক্তারের ভুল চিকিৎসায় এক গৃহবধুর মৃত্যু

জীবননগরে গ্রাম্য হাতুড়ে ডাক্তারের ভুল চিকিৎসায় গৃহবধুর অকাল মৃত্যু হয়েছে।গত বৃহসপ্রতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলার পেয়ারা তলা বাজারে এ ঘটনা ঘটে ।

নিহত গৃহবধু জীবননগর পৌর সভার ২নং ওর্য়াড নারায়নপুর সরকার পাড়ার আশাদুল হকের স্ত্রী রোফছানা খাতুন (৩২) ।

পারিবারিক সুত্রে জানা গেছে,রোফছানা খাতুন বেশ কিছু দিন যাবৎ এ্যাজমা রোগের কারনে শারিরীক ভাবে অসুস্থ ছিলো । যার ফলে পরিবারের সদস্যরা তাকে চিকিৎসার জন্য পেয়ারা তলা বাজারের রিপন ফার্মেসীর মালিক গ্রাম্য হাতুড়ে ডাক্তার সুজনের কাছে চিকিৎসার জন্য নিয়ে যায়।

সেখানে চিকিৎসা নিতে গেলে তার গায়ে দুটি ইনজেকশন দেওয়ার সাথে সাথেই তার মৃত্যু হয়। এদিকে ঘটনাটি অন্যদিকে প্রবাহিত করার জন্য ওই ডাক্তার স্থানীয় কিছু প্রভাবশালী নেতা এবং কিছু সাংবাদিকদের ম্যানেজ করে বিষয়টি ধামা চাপা দেওয়ার জন্য চেষ্ঠা করে । এবং নিহত গৃহবধুর লাশ নিয়ে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করে ।

এদিকে গত বৃহসপ্রতিবার বিকালে তড়িঘড়ি করে গৃহবধুর লাশ নারায়ন পুর সরকার পাড়া কবর স্থানে দাফন করে । গৃহবধুর মৃত্যুর সংবাদটি নিশ্চিত করেন স্থানীয় মেম্বার রিপন হোসেন তিনি বলেন,সুজন ডাক্তারের কাছে এক রোগী চিকিৎসা নিতে এসে মারা গিয়েছে আমি সংবাদ

শুনে ঘটনা স্থানে ছুটে আসি এবং স্থানীয় সুত্রে জানতে পারি ডাক্তার রোগীকে ইনচেজকশন দেওয়ার পর তার মৃত্যু হয়।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃ পঃ কর্মকর্তা ডাঃ রফিকুল ইসলাম বলেন, আমি শুনেছি একটি গ্রাম্য ডাক্তারের কাছে চিকিৎসা নেওয়া অবস্থায় একজন রোগীর মৃত্যু হয়েছে ।তবে রোগীটি জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নেওয়ার আগেই তার মৃত্যু হয়।

গ্রাম্য ডাক্তার সুজনের সাথে কথা বললে তিনি বলেন, আমি কোন রোগীর ভুল চিকিৎসা প্রদান করিনি যে রোগী মারা গেছে তাকে আমি একটি গ্যাসের ইনজেকশন ইসোনিক্স এবং একটি কটসন ইনজেকশন দিয়েছি ওই রোগীর এ্যাজমা ছিলো সে কি কারনে মারা গেছে এটা আমি বলতে পারবো না ।

জীবননগর থানার অপিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, ভুল চিকিৎসায় রোগীর মৃত্যুর ঘটনাটি আমি জানি না এখনও পর্যন্ত কোন অভিযোগ পায়নি তবে অভিযোগ পেলে তদন্ত পূর্বক ব্যবস্থা নিবো ।

-জীবননগর প্রতিনিধি

দামুড়হুদা পিআইও অফিসের পিয়নের কাছে কার্য্য সহকারী লাঞ্ছিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা পিআইও (প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়) দামুড়হুদা অফিসের পিয়ন জাকিরের কাছে জিম্মি হয়ে পড়েছে অফিসের কর্মকর্তারা।

গত বৃহস্পতিবার সকালে অফিসের কার্য্য সহকারী বিপ্লবকে চড় থাপ্পর মেরে শারিরিক ভাবে লাঞ্ছিত করে পিয়ন জাকির।এতে করে বিপ্লবের কান দিয়ে রক্ত পড়তে থাকে।পরে তিনি স্থানীয় ভাবে চিকিৎসা নেন।

পরে বিষয়টি গোপনে মিমাংসা করে নেয় সুচুতুর পিয়ন জাকির।
এ বিষয়ে বিপ্লব জানান, সকালে অফিসের একটা কাজে বাইরে ছিলাম আমার

একটু আসতে দেরী হওয়ায় হওয়ায় পিয়ন জাকির ফোন দিয়ে অশালীন কথাবার্তা বলতে থাকে। আমি তার একটু পরে অফিসে আসলে আমাকে থাপ্পর মেরে লাঞ্ছিত করে জাকির।

এ বিষয়ে পিয়ন জাকিরের সাথে কথা বললে তিনি জানান বিষয়টি মিমাংসা হয়ে গেছে এ বিষয়ে আপনাদের জানার কিছু নেই।এ বিষয়ে দামুড়হুদা পিআই কর্মকর্তার সাথে কথা বলতে তাঁর মুঠোফোনে রিং দিলেও তিনি রিসিভ করেন নি।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সাথে এ বিষয়ে কথা বললে তিনি জানান বিষয়টি আমি জানিনা তবে বিষয়টি শুনলাম।বিষয়টি খতিয়ে দেখা হবে।পিয়ন জাকিরের এমন কর্মকান্ডে সচেতন মহল হতবাক হয়েছেন।

গোপন সুত্রে জানা গেছে জাকির স্থানীয় হওয়ায় তার দাপটের কাছে জিম্মি অনেকে। পদে পিয়ন হলেও হাবভাবে আচার আচরনে বড় অফিসারের ভূমিকা পালন করেন। তার বিরুদ্ধে যথাযথ ব্যাবস্থা নিতে সংশ্লিষ্ট উদ্ধর্তন কর্মকর্তার আশু হস্তক্ষেপ কামনা করেছে সচেতন মহল।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

শাফিকউর রহমান সভাপতি, নজীর সাধারন সম্পাদক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল শক্রুবার বিকাল ৩ ঘটিকার সময় কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের ভারপ্রাপ্ত সভাপতি শাফিকউর রহমান মাষ্টারের সভাপতিত্বে ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের সাধারন সম্পাদক নজীর আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

চুয়াডাঙ্গা জেলা আ:লীগের সহ-সভাপতি চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয়

সংসদ সদস্য হাজী আলী আজগর টগর,উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ:লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আ:লীগের সহ-সভাপতি রহমতুল-◌াহ,

জেলা আ:লীগের সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান লিটু,সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হাজী সহিদুল,দর্শনা পৌর আ:লীগের সাধারন সম্পাদক দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ:লীগের সাধারন সম্পাদক জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজ্।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ:লীগের যুগ্ম সম্পাদক পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম,দর্শনা পৌর আ:লীগের দপ্তর সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আ:লীগের সভাপতি সহিদুল ইসলাম, কুড়ুলগাছি ইউনিয়ন আ:লীগের সভাপতি হাবিবুল◌াহ বাহার,সাধারন সম্পাদক সরোয়ার হোসেন,কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মো:এনামুল করিম ইনু,নাটুদাহ ইউনিয়ন আ:লীগের যুগ্ম সম্পাদক রেজাউল করিম,নাটুদাহ ইউনিয়ন আ:লীগ নেতা আ:মালেক,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি জেলা পরিষদ সদস্য শফিউল কবির ইউসুফ, সাধারন সম্পাদক আ:হান্নান ছোট।

এ সময় উপস্থিত আরো ছিলেন জেলা আ:লীগের সদস্য কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট,দামুড়হুদা উপজেলা আ:লীগের সহ-সভাপতি সহিদুল হক,কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের সাংগঠনিক সম্পাদক শিক্ষক আলাউদ্দীন,দপ্তর সম্পাদক মখলেছুর রহমান রিপন,আ:লীগ নেতা আ:করিম,

১ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি লুৎফর রহমান,সাধারন সম্পাদক শ্রমিক নেতা শওকত আলী,২ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি ইলিয়াস হোসেন,সাধারন সম্পাদক রেজাউল করিম মিন্টু,৩ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি আমিনুল,সাধারন সম্পাদক সিরাজুল ইসলাম,৪ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি ডা:রবিউল হক,

সাধারন সম্পাদক রবিউল ইসলাম,৫ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি লিয়াকত মেম্বর,সাধারন সম্পাদক আ:সালাম,৬ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি শওকত আলী,সাধারন সম্পাদক ফকির মোহাম্মদ,৭ নং ওয়ার্ড আ:লীগের সভাপতি